

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়,  
মির্জাপুর, টাংগাইল।

পত্র নং-৩৩.০২.৯৩৬৬.৫০১.০৩৭.১৩৪.১৪-১৪৮


তারিখঃ ০৬/০৮/২০১৭ খ্রিঃ

**কোটেশন বিজ্ঞপ্তি**

মৎস্য অধিদপ্তরের ২০১৭-২০১৮ অর্থ বছরে উন্নয়ন বাজেটের আওতায় বাস্তবায়িত উন্মুক্ত জলাশয়ে বিল নার্সারি স্থাপন এবং পোনা অবমুক্তকরণ প্রকল্পের আওতায় লতিফপুর ইউনিয়নের কোনাই বাজেজলা বিল এবং সংলগ্ন প্লাবনভূমিতে সুস্থ, সবল ও জীবন্ত রুই জাতীয় মাছের পোনা অবমুক্তির নিমিত্তে প্রকৃত পোনা উৎপাদনকারী/ সরবরাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নে বর্ণিত শর্তাবলী মোতাবেক কোটেশন আহবান করা যাচ্ছে। কোটেশন সমূহ আগামী ১০/০৮/২০১৭ খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হতে বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাংগাইল এর দপ্তরে রক্ষিত কোটেশন বাস্তবে গ্রহন করা হবে এবং ঐ দিনই বেলা ১২:১৫ ঘটিকায় উপস্থিত কোটেশন দাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। কোটেশন খামের উপর দরতার নাম, ঠিকানা ও কাজের নাম উল্লেখ করে সীলগালা অবস্থায় জমা দিতে হবে। খামের উপর ঠিকানা ছাড়াও “১০/০৮/২০১৭ খ্রিঃ তারিখ বেলা ১২:১৫ ঘটিকার পূর্বে খুলিবেন না” উল্লেখ করতে হবে।

**শর্তাবলী**

- ১। রুই জাতীয় মাছের পোনা অর্থাৎ কাতলা, রুই, মৃগেল ও কালিবাউস মাছ সরবরাহ করতে হবে। সরবরাহকৃত রুই জাতীয় মাছের পোনা যার মধ্যে কাতলা ৪০%, রুই ৩০%, মৃগেল ২০%, কালিবাউস ১০% হতে হবে।
- ২। সরবরাহকৃত রুই জাতীয় মাছের পোনার আকার ১০-১৩ সেঃ মিঃ হতে হবে।
- ৩। সরবরাহকৃত দেশী প্রজাতির রুই জাতীয় মাছের পোনা সুস্থ, সবল, নিরোগ, অক্ষত এবং জীবিত অবস্থায় সরবরাহ করতে হবে।
- ৪। নির্দিষ্ট প্রজাতির উপযুক্ত আকারের সুস্থ, সবল, নিরোগ, অক্ষত এবং জীবিত পোনা প্রজাতি ভিত্তিক প্রতি কেজির মূল্য এবং গড় মূল্য যথাযথভাবে অংকে ও কথায় স্পষ্টভাবে লিখতে হবে।
- ৫। উল্লেখিত প্রতি কেজি রুই মাছের পোনার গড় মূল্যের উপর সর্বনিম্ন কোটেশন দাতার কোটেশন গ্রহন করা হবে এবং পোনা মাছ সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হবে।
- ৬। কোটেশন দাতার নিজ ব্যয়ে পোনা মাছ পরিবহন করে কার্যাদেশে উল্লেখিত স্থানে সরবরাহ ও অবমুক্তির জন্য উপজেলা পোনা মাছ ক্রয় ও সিবিও গঠন সংক্রান্ত কমিটির উপস্থিতিতে অবমুক্তি করার ব্যবস্থা করতে হবে।
- ৭। কার্যাদেশে বর্ণিত নির্ধারিত তারিখের আগে বা পরে পোনা মাছ সরবরাহ করা হলে সে পোনা মাছ গ্রহন করা হবে না।
- ৮। প্রতিষ্ঠান বা খামারের বা সরবরাহকারীর নিজস্ব প্যাডে কোটেশন দাখিল করতে হবে এবং পোনা মাছের প্রজাতির নাম, পোনা মাছের আকার, প্রজাতি ভিত্তিক প্রতি কেজি পোনা মাছের একক দর ও গড় মূল্য (অংকে ও কথায়) উল্লেখ করতে হবে। কোটেশন দাতার নাম, ঠিকানা, প্রতিষ্ঠানের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ ও সিলসহ স্বাক্ষর করতে হবে।
- ৯। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে অথবা কমিটি কর্তৃক নির্ধারিত তারিখ ও সময়ে এবং নির্ধারিত স্থানে জীবন্ত ও সুস্থ, সবল ও নিরোগ পোনা মাছ অবশ্যই সরবরাহ করতে হবে। অন্যথায় তাঁর কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।
- ১০। দরপত্রের কোন শর্ত ভংগের জন্য পোনা মাছ গৃহীত না হলে কর্তৃপক্ষকে কোন প্রকার দায়ী করা যাবে না এবং কোন প্রকার ক্ষতিপূরণ প্রদান করা হবে না। পোনা মাছ সরবরাহের কার্যাদেশ অনুযায়ী সম্পূর্ণরূপে অবমুক্তির পূর্বে কোন অগ্রিম/ আংশিক বিল প্রদান করা হবে না। তবে প্রাপ্ত মাছের পোনার পরিমানের উপর ভিত্তি করে উপস্থিত কমিটির সদস্যগণের মতামত অনুযায়ী পোনা মাছের মূল্য পরিশোধ করা হবে।
- ১১। পোনা মাছ সরবরাহ করার পর ০২ (দুই) কপি বিল সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মির্জাপুর, টাংগাইল এর বরাবর দাখিল করতে হবে।
- ১২। কোটেশন দাতার বিল হতে নিয়মানুযায়ী আয়কর, ভ্যাট ও অন্যান্য সরকারী কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন পূর্বক বিল পরিশোধ করা হবে।
- ১৩। উপজেলা পোনা মাছ ক্রয় ও সিবিও গঠন সংক্রান্ত কমিটি কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরিক্তে যে কোন কোটেশন গ্রহন অথবা সকল কোটেশন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোঃ আহসান হাসিব খান)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা পোনা ক্রয় ও সিবিও গঠন সংক্রান্ত কমিটি,  
উন্মুক্ত জলাশয়ে বিল নার্সারি স্থাপন এবং পোনা অবমুক্তকরণ প্রকল্প  
মির্জাপুর, টাংগাইল।

